ব্যবস্থাপত্র অনুযায়ী ব্যবহার্য

নেমাইড (ভেট) পাউডার
Nemide (Vet) Powder

(সালফানিলামাইড বিপি)

কার্যকরী উপাদানঃ
প্রতি ১০ গ্রামে আছে-
সালফানিলামাইড বিপি ১০ গ্রাম

বিবরণঃ সালফানিলামাইড একটি সালফোনামাইড এন্টিব্যাকটেরিয়াল ঔষধ। রাসায়নিকভাবে এটি একটি জৈব যৌগ যা একটি সালফোনামাইড গ্রুপের সাথে প্রাপ্ত একটি অ্যানিলিনের সমন্বয়ে গঠিত।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ সালফানিলামাইড হল ব্যাকটেরিয়া এনজাইম ডাইহাইড্রোপ্টেরোয়েট সিন্থেটেসের একটি প্রতিযোগিতামূলক প্রতিরোধক। প্রয়োজনীয় ফলিক এসিড সংশ্লেষণের জন্য এই এনজাইম সাধারণত প্যারা অ্যামাইনো বেনজয়িক এসিড (পাবা) ব্যবহার করে। ফলিক এসিড সংশ্লেষণের জন্য এই সমস্ত জীবাণু সমূহের জন্য এই ইনহেবিটেড প্রতিক্রিয়া প্রয়োজনীয়। এই ভাবে সালফানিলামাইড অণুজীবের প্রতিলিপিকে বাঁধা দেয়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃঃ গবাদি প্রাণির (গরু, মহিষ, ছাগল, ভেড়া প্রভৃতি) সালফানিলামাইডের প্রতি সংবেদনশীল অণুজীব দ্বারা সংঘটিত রোগ যেমন- স্ট্রেপটোকক্কাস সেপ্টেসেমিয়া, ইকোয়াইন নিউমোনিয়া, স্ট্রেংগস, জয়েন্ট ইল, মেট্রাইটিস এর চিকিৎসায় **নেমাইড (ভেট)** ব্যবহার্য এবং ডাস্টিং পাউডার হিসাবে চামড়ার সংক্রমণে স্থানীয়ভাবে ব্যবহার্য।

মাত্রা ও প্রয়োগ বিধিঃ
৩ মাসের কম বয়সী প্রাণির ক্ষেত্রেঃ
প্রারম্ভিক মাত্রা- ৭.৫ গ্রাম/ ৫০ কেজি দৈহিক ওজন।
পরবর্তী মাত্রা- ২.৫ গ্রাম/ ৫০ কেজি দৈহিক ওজন হিসাবে প্রতি ৮ ঘন্টা পর পর প্রয়োগ করতে হবে।
৩ মাসের অধিক বয়সী প্রাণির ক্ষেত্রেঃ
প্রারম্ভিক মাত্রা ১০.০ গ্রাম/ ৫০ কেজি দৈহিক ওজন।
পরবর্তী মাত্রা- ৫.০ গ্রাম/ ৫০ কেজি দৈহিক ওজন হিসাবে প্রতি ১২ ঘন্টা পর পর প্রয়োগ করতে হবে। চিকিৎসা কাল ৭ দিনের বেশী হওয়া উচিৎ নয়।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।
"শুধুমাত্র রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিক্রয়/সেবনযোগ্য"।
"ব্যবস্থাপত্রে উল্লেখিত পরিমাণের অধিক ব্যবহার করা যাবে না"
"চিকিৎসকের পরামর্শ মোতাবেক Full Course সম্পন্ন করুন"।

প্রতিনির্দেশনাঃ থেরাপিউটিক মাত্রায় সালফানিলামাইড মোটামুটি সহনশীল। সালফানিলামাইড দ্বারা দীর্ঘায়িত চিকিৎসার ফলে এগ্র্যানুলোসাইটোসিস, হিমোলাইটিক এ্যানিমিয়া এবং এভিটামিনোসিস-কে হতে পারে।

সতর্কতাঃ সালফানিলামাইড দ্বারা চিকিৎসা চলাকালীন সময় প্রাণিকে পর্যাপ্ত পানি খাওয়ানো নিশ্চিত করতে হবে এবং কিডনী জটিলতায় ভুগছে এমন প্রাণিকে সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হবে।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ
সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া: চুলকানি, জ্বালাপোড়া, ত্বকে ফুসকুড়ি, লালভাব, ফোলা ইত্যাদি দেখা দিতে পারে।
বিরল পার্শ্বপ্রতিক্রিয়া: স্থানীয়ভাবে ব্যবহারে কোনো পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দেয় না।

গর্ভবতী, দুগ্ধবতী বা ডিমপাড়া প্রাণিতে ব্যবহারঃঃ গর্ভবতী ও দুগ্ধদানকারী প্রাণিতে সালফানিলামাইড ব্যবহার নিরাপদ। গর্ভাবস্থায় ও দুগ্ধদানকারী প্রাণিতে রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের দ্বারা ঝুঁকি/সুবিধা মূল্যয়ন পূর্বক ব্যবহার করুন।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ ঔষধের সাথে- মুখে সেবনের ঔষধের সাথে টপিকাল সালফানিলামাইডের কোনো প্রভাব নেই।
খাদ্য ও অন্যান্যর সাথে খাদ্যের সাথে কোনো মিথষ্ক্রিয়া দেখা যায় নি।

মাত্রাধিক্যতাঃ স্থানীয়ভাবে/টপিকাল সালফানিলামাইডের অতিরিক্ত মাত্রা বিপদজনক নয়।

প্রত্যাহার কালঃঃ প্রযোজ্য নহে।

সংরক্ষণঃঃ আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহঃঃ ১০x১০ গ্রাম, ২০ গ্রাম, ১০০ গ্রাম ও ৫০০ গ্রাম স্যাশেট/ পলিপ্যাক/ বক্স।

শুধুমাত্র প্রাণি চিকিৎসায় ব্যবহার্য



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com